# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ২০৮. ধর্মীয় কাজে এমন ধীরতা অবলম্বন করা যাতে উক্ত কাজের প্রতি নিজের কিছুটা অবহেলা রয়েছে বুঝায়

সা’দ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

التُّؤَدَةُ فِيْ كُلِّ شَيْءٍ إِلاَّ فِيْ عَمَلِ الْآخِرَةِ

“ধীরতা প্রতিটি কাজেই ভালো ; তবে আখিরাতের কাজে নয়”।[1]

আনাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

التَّأَنِّيْ مِنَ اللهِ ، وَالْعُجْلَةُ مِنَ الشَّيْطَانِ

“স্থিরতা আল্লাহ্ তা’আলার পক্ষ থেকে এবং দ্রুততা শয়তানের পক্ষ থেকে”।[2]

>

### ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ৪৮১০ ’হাকিম ১/৬২)

[2] (আবু ইয়া’লা ৩/১০৫৪ বায়হাক্বী ১০/১০৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11458

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন